# আভ্যন্তরীণ নৌযান শ্রমিক (নিয়োগ-নিয়ন্ত্রণ) আইন, ১৯৯২

( ১৯৯২ সনের ৫০ নং আইন )

**আভ্যন্‌ত্মরীণ নৌযান নিয়ন্ত্রণ ও নৌযানে নিয়োজিত শ্রমিকদের নিয়োগ এবং চাকুরীর শর্তাদি নির্ধারণের উদ্দেশ্যে প্রণীত আইন।**

যেহেতু আভ্যন্‌ত্মরীণ নৌযান নিয়ন্ত্রণ এবং নৌযানে নিয়োজিত শ্রমিকদের নিয়োগ এবং চাকুরীর শর্তাদি নির্ধারণের উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১। এই আইন আভ্যন্তরীণ নৌযান শ্রমিক (নিয়োগ-নিয়ন্ত্রণ) আইন, ১৯৯২ নামে অভিহিত হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “নৌযান” বা আভ্যন্তরীণ নৌযান” অর্থ Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976) এর অধীন রেজিষ্ট্রিকৃত আভ্যন্তরীণ নৌযান;

(খ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(গ) “মালিক” অর্থ নৌযানের মালিক;

(ঘ) “মজুরী” অর্থ কাজের বিনিময়ে প্রদেয় পারিশ্রমিক;

(ঙ) “শ্রমিক” অর্থ Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976) এর অধীন রেজিষ্ট্রিকৃত আভ্যন্তরীণ নৌযানে যে কোন রকমের কাজ করার জন্য নিযুক্ত শ্রমিক;

(চ) “শ্রম পরিচালক” অর্থ শ্রম পরিচালক হিসাবে সরকার কর্তৃক নিযুক্ত ব্যক্তি।

**নৌযান সম্পর্কিত কতিপয় বিষয়ের দায়িত্ব**

৩। আভ্যন্তরীণ নৌযান সম্পর্কিত নিম্নোক্ত বিষয়াদির দায়িত্ব শ্রম পরিচালকের উপর ন্যস্ত থাকিবে, যথা:-

(ক) শ্রমিক নিয়োগ ও তাহাদের চাকুরীচ্যুতির শর্তাবলী নির্ধারণ;

(খ) বিভিন্ন শ্রেণীর নৌযান নিয়োগতব্য শ্রমিকের সংখ্যা ও তাহাদের কাজের শ্রেণী বিন্যাস;

(গ) শ্রমিকের কাজের সময়, বিশ্রাম, ছুটি এবং অবসরকালীন সুবিধাদি নির্ধারণ;

(ঘ) শ্রমিকের মজুরী নির্ধারণ;

(ঙ) শ্রমিকের চাকুরীর নিরাপত্তা;

(চ) শ্রমিক ও তাহার পরিবারের চিকিত্সার জন্য মালিক কর্তৃক গৃহীতব্য ব্যবস্থা;

(ছ) মালিক কর্তৃক শ্রমিকের পে-রোল ও সার্ভিস রেকর্ড সম্পর্কিত নিয়মাবলী;

(জ) শ্রমিকের চাকুরী সংক্রান্ত অন্য যে কোন বিষয়;

(ঝ) নৌযানের শৃংখলা;

(ঞ) নৌযানে মালামাল পরিবহণের সীমা নির্ধারণ।

**নৌযানের সংখ্যা, ইত্যাদি সরবরাহ**

৪। শ্রম পরিচালকের চাহিদা অনুযায়ী প্রত্যেক মালিক তাহার মালিকানাধীন নৌযানের সংখ্যা, উহাদের আকারসহ বিস্তারিত বিবরণ এবং নৌযানে নিয়োজিত শ্রমিকের সংখ্যা সম্পর্কিত তথ্য সরবরাহ করিবেন।

**নৌযান ফি আরোপ, ইত্যাদি**

৫। (১) সরকার প্রত্যেক নৌযানের উপর বাত্সরিক নৌযান ফি আরোপ করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন আরোপণীয় ফি বিধিদ্বারা নির্ধারিত হইবে।

(৩) এই ধারার অধীন আরোপিত ফি পরিশোধের জন্য শ্রম পরিচালক মালিকের উপর নোটিশ জারী করিবেন এবং নোটিশে উল্লিখিত তারিখের মধ্যে উহা পরিশোধ করিতে হইবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন জারীকৃত নোটিশে উল্লিখিত তারিখের মধ্যে যদি কোন মালিক ফি পরিশোধ না করেন, তাহা হইলে তাহাকে অপরিশোধিত ফি এর জন্য বিধিদ্বারা নির্ধারিত হারে অতিরিক্ত ফি প্রদান করিতে হইবে।

(৫) এই ধারার অধীন যাবতীয় বকেয়া পাবলিক ডিমান্ড (Public demand) হিসাবে আদায় করা হইবে।

**তদন্ত করা ও তথ্য সংগ্রহের ক্ষমতা**

৬। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে শ্রম পরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা-

(ক) যে কোন ব্যক্তিকে কোন রেকর্ড, দলিলপত্র বা তথ্য পেশের নির্দেশ প্রদান করিতে পারিবেন;

(খ) যুক্তিসংগত সময়ে নৌযানে বা তত্সম্পর্কিত যে কোন স্থানে প্রবেশ করিতে পারিবেন;